শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৫৬ **তারিখ:** ০১ আষাঢ় ১৪৩০ / ১৫ জুন ২০২৩

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণ বশত পীরগঞ্জ উপজেলা পরিষদের জুন ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৯-৬-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- সোমবার এর পরিবর্তে ২০-৬-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

১৫।০৬।২৩
**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**বিতরণ : কার্যার্থে :**

১। ................................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ...................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ..................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৫৬ **তারিখ:** ০১ আষাঢ় ১৪৩০ / ১৫ জুন ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস জুন (সংশোধিত) ২০২৩

উপস্থিত উপদেষ্টা মন্ডলী :

১. জনাব হাফিজ উদ্দীন আহম্মেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩ ঠাকুরগাঁও-৩ →

২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →

৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ:প: →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ. পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ. পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ. পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ. পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ. পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ. পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ. পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ. পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ. পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ. পি. →

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | আব্দুল্লাহ আল রিফাত<br>সহকারী কমিশনার (ভূমি), পীরগঞ্জ | |
| ২। | মো: আবু সাঈদ<br>উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ | Sayed |
| ৩। | এম.এম. জসীম উদ্দিন, UDF | |
| ৪। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর পীরগঞ্জ- | |
| ৫। | মোঃ হাফিজুল ইসলাম, UEO | |
| ৬। | মোঃ মাহবুবুর রহমান, ভারপ্রাপ্ত কর্মকর্তা | |
| ৭। | মো: আব্দুস সালাম খান, U.Y.D.O - | |
| ৮। | মোঃ রবিউল ইসলাম USSO | 20/8/23 |
| ৯। | মো: আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | |
| ১০। | মো: মাসুদ মোশাররফ SUFO | |
| ১১। | দিলোয়ারা পারভীন AFWO(MCHFP) | ২০.৮.২৩ |
| ১২। | মো: রাকিব হোসেন (URDO) | |
| ১৩। | সুমিত গুপ্ত, AP | 20.8.23 |
| ১৪। | কামরুল ইসলাম পল্লী বিদ্যুৎ পী. জো. অফিস | |
| ১৫। | মোছাঃ নাসরিন আক্তার তথ্যকেন্দ্র | Nasrin |
| ১৬। | মো নাহিদ সুলতান (ইউ আই) আনসার ও ভিডিপি | |
| ১৭। | মো: জাহাঙ্গীর আলম, P.I.O. পীরগঞ্জ | ২০/৮ |
| ১৮। | মো: মনজুর আলম অফিস সহকারী UAO — | Monzur |
| ১৯। | মোছা: তানিয়া আক্তার উপ-সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা | তানিয়া |
| ২০। | মো: সাইফুল ইসলাম, UAO, পীরগঞ্জ — | |
| ২১। | ডাঃ রনজিত চন্দ্র সিং, ULO, পীরগঞ্জ — | |
| ২২। | মো: শাহরিয়ার ইসলাম - প্রধান শিক্ষক — | |
| ২৩। | ডা: মো: আব্দুল জব্বার - UHFPO — | |
| ২৪। | মাহমুদুল হাসান-২ AUSEO — | ২০/৮/২৩ |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও জুন ২০২৩ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২০-৬-২০২৩ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১১:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, পরিশিষ্ট - 'খ'- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ, পরিশিষ্ট - 'গ'**- সড়কসমূহের আইডি নম্বর ও তথ্যাদি **ও পরিশিষ্ট - 'ঘ'**- ইউজিডিপি প্রকলেপ ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থায়নের পীরগঞ্জ উপজেলার জন্য চূড়ান্তভাবে গৃহিত উপরোক্ত ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্যাকেজের বিস্তারিত বাজেট বিভাজন।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে পবিত্র ঈদ উল আযহা'র আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলার ২০২২-২৩ অর্থ বছরের "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" প্রকল্পের আওতায় প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-৩ মহোদেয়ের অভিপ্রায় অনুযায়ী নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে। ক) জাবরহাট ইউনিয়নের হাটপাড়া মাদ্রাসার মাঠের পানি নিষ্কাশণকরণ বাবদ = ৫,০০,০০০/- টাকা, খ) সৈয়দপুর ইউনিয়নের ভবনীপুর বড় মসজিদের রাস্তা এইচবিবিকরণ বাবদ = ৫,০০,০০০/- টাকা এবং বিভিন্ন ইউনিয়নের দু:স্থ মানুষের মাঝে ঢেউটিন সরবরাহকরণ বাদ = ৫,০০,০০০/- টাকা। মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য আশ্রয়ন প্রকল্পের আওতায় নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়নের লক্ষ্যে সড়কসমূহের আইডি নম্বর তৈরী করা প্রয়োজন। সড়কসমূহের তথ্যাদি উপস্থাপন করা হয়। যা, **পরিশিষ্ট - 'গ'- তে** দেখানো হলো। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল কার্যক্রম আব্যশিকভাবে জুন ২০২৩ খ্রিঃ মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৭৩০ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,২০৪ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,১৯০ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৬ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৫৬ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৩৮ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, হাসপাতাল চত্বর দালালমুক্ত রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ ও পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশনে সচেষ্ট হতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৪৭৩ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,৯২৭ জন, (৩) খাবার বড়ি - ২২,৪৬৯ জন (৪) কনডম- ১,৯৫৮ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮১৪৩ (৬) আইইউডি- ২১ (৭) ইমপ্ল্যানন- ৭৯ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৯০৫ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১১% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১,৭৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে উফশি আমন ধানের বীজ ও সার প্রণোদনা প্রদান করা হয়েছে। ৩২০ জন কৃষককে গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রণোদনা প্রদান করা হবে। বিএডিসি হতে পেঁয়াজ বীজ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে। চলতি মাসে হাইব্রীড আমন প্রণোদনা ঘোষণা করা হয়েছে। খরিপ-২ ২০২৩-২৪ মৌসুমে ৮৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে আমন উৎপাদন বৃদ্ধির জন্য ২ কেজি হাইব্রীড আমন বীজ প্রদান করা হবে। এডিপি হতে কৃষি ও সেচ কমিটির দাখিলকৃত প্রকল্প দ্রুত অনুমোদন পূর্বক বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। পুরাতন ভবনের সামনে ফুলের বাগানে ০১ টি টিউবওয়েল স্থাপনের জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | এডিপি হতে কৃষি ও সেচ কমিটির দাখিলকৃত প্রকল্প দ্রুত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,৮৮৩ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২৩,৪১৩ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ২৫,৫৬৪ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৫১,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,৩৮২ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ০৫ টি। | প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিয়মিতভাবে কৃমিনাশক ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুন/২৩ খ্রিঃ মাসে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৫ (পাঁচ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ণ তথ্যসমূহ অনলাইনে আপডেট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সম্পন্ন হয়েছে। "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডোরী ইন্সটিটিউশনস (PBGSI)" স্কিমের আওতায় ৫০ (পঞ্চাশ) টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও সভাপতিদের সমন্বয়ে ৩০-৫-২০২৩ খ্রিঃ তারিখে ০১ (এক) দিনের ওয়ার্কশক অনুষ্ঠিত হয়। পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে উপজেলা পর্যায়ে শিক্ষক উদ্বুদ্ধকরণ ও পরিচিতি ২৯ মে, ২০২৩ খ্রিঃ তারিখে সকল প্রতিষ্ঠান প্রধান ও সহকারী শিক্ষক (লাইব্রেরিয়ান) নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডোরী ইন্সটিটিউশনস (PBGSI)" স্কিমের আওতায় অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রাপ্তির লক্ষ্যে আবেদন চাওয়া হয়েছে। এছাড়াও অফিসের কাজকর্ম ভালভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ৪০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে কাব স্কাউট প্রশিক্ষণ ০৫ দিন ধরে চলমান রয়েছে। প্রশিক্ষণ শেষে গ্রুপ কমিটি রেজিস্ট্রেশন করে দল গঠন করা হবে। ৫০ টি সপ্রাবি এ আধুনিক ওয়াস ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোপূর্বে জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর হতে ৪৩ টি ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এ প্রসঙ্গে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরসহ বিভিন্ন এনজিওকে প্রাথমিক বিদ্যালয়গুলোকে আধুনিক ওয়াস ব্লকের আওতায় নিয়ে আসার আহ্বান জানান। ইহা ছাড়াও ভেমটিয়া গুয়াগাঁও সপ্রাবিতে মাঠ সমতল, হরিটা সপ্রাবিতে ৪০ দিনের কর্মসূচীর সাহায্যে মাঠ ভরাট, জনগাঁও-১ সপ্রাবিতে বাউন্ডারী ওয়াল নির্মাণ, বড় গড়গাঁও সপ্রাবি এর মাঠ রক্ষার্থে পুকুরে বাঁধ দেওয়ার প্রাজেনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। ইহা ছাড়াও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়ালের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও জানান যে, ভেবড়া সপ্রাবিতে ওয়াস ব্লক নির্মাণে কোনো রকম সমস্যা থাকলে সমাধান করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা শিক্ষা অফিসার আরও জানান, বি এন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের মধ্য দিয়ে বিদ্যুতের তার যাওয়ায় ওয়াস ব্লক নির্মাণের সমস্যা হচ্ছে। এ বিষয়ে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার বিদ্যুৎ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। বিদ্যালয়ের পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। এ বিষয়ে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার বিদ্যালয়ে এইউইওগণ পরিদর্শনে গেলে কাব কার্যক্রম সম্পর্কে খোঁজখবর নেবেন এবং কাব কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ জানান। | বঁথ পালিগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জনগাঁও স্কুলে সীমানা প্রাচীর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট), পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪। বিদ্যালয়গুলোকে সবুজায়ন করার জন্য ফলদ, বনজ, ঔষুধি গাছ লাগানোর পরামর্শ দেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রকৃত ভিক্ষুকদের নামের তালিকা ছাড়া ভিক্ষুক পূর্ণবাসন ও বিকল্প কর্মসংস্থান প্রকল্প বাস্তবায়ন সম্ভব নয়। এ বিষয়ে চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার স্মারক নং- ৪৬.০০০০.০১৭.৯৯.০৩৯.২১ (অংশ-১) ১৯৫ তারিখঃ ১৪ মার্চ ২০২২ খ্রিঃ অনুযায়ী প্রতিটি ইউনিয়ন পরিষদ সমাজসেবা বিভাগের ইউনিয়ন সমাজকর্মীগণের সেবা প্রদানের নিমিত্ত ০১ টি অফিস কক্ষ বরাদ্দ দেওয়ার কথা। কিন্তু এ যাবৎ কোন ইউনিয়ন পরিষদ বরাদ্দ না দেওয়ায় জনসেবা বিঘ্নিত হচ্ছে। তিনি কক্ষ বরাদ্দ প্রদানের জন্য ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ভিক্ষুক পূর্ণবাসনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত শেষ করা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ২৭ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতা বাড়াতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ ঃ**<br>চাল বোরো (সংগৃহীত) ২০২২-২৩: ১০৯৬.৬০৭ মে:টন, আমন ২৪৫৭.০৯০ মে:টন, সর্বমোট ৩৫৫৩.৬৯৭ মে:টন, গম বিদেশি ১২৭.৬৪১ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩৩,৪৩৩ খানা।<br>**ভোমরাদহ ঃ**<br>চাল বোরো (সংগৃহীত) ২০২২-২৩: ৪৪৭.৭৫৩ মে:টন, আমন ২৭৩.৬০০ মে:টন, সর্বমোট ৭২১.৩৫৩ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১৩,৩৩৬ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ২য় পর্যায়ের টি.আর, কাবিখা/ কাবিটা'র কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ের অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কার্যক্রম শেষ হয়েছে। ৩য় টি.আর. এর তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। ঈদ উল আযহা উপলক্ষ্যে ১৮,৬৭২ টি পরিবারের মাঝে ১০ কেজি হারে ভিজিএফ ১৮৬.৭২০ মে:টন চালের বরাদ্দ পাওয়া গেছে। প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে জি.আর. চাল ও কম্বল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ভিজিএফ চাল বিতরণ নীতিমালা অনুযায়ী সুষ্ঠভাবে বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ঃ** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন জুন/২০২৩ মাসের ডিও প্রদান করা হয়েছে।<br>০৪। **মা ও শিশু সহায়তা তহবিল:** পূর্বের (দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি ও ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি) এর ভাতাভোগী ৯২০ জন। বর্তমানে মে/২০২৩ পর্যন্ত ১১৭৭ জন উপকারভোগীর ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**০৪। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC)** ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে **জুলাই/২০২৩** হতে **সেপ্টেম্বর/২০২৩** পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদ সেলাই/ দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (দশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের জন্য আবেদন কার্যক্রম চলমান।<br>০৫। **"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" (আইজি-এ) প্রকল্প ঃ** এই প্রকল্পের আওতায় **"ফ্যাশন ডিজাইন"** ট্রেডে **২৫ জন "ক্রিস্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডে "** ২৫ জন সর্বমোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর ১৮ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>০৬। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৭৬ টি বর্তমান মাসে ২৭ টি মোট ১০৩ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ১,১১১/- টাকা এবং সার্ভিস চার্জ ৮৯/- টাকা। মোট আসল আদায় ৯,৮৩,২০৯/- টাকা এবং সাভির্স চার্জ ৭৮,৭৯১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% । | কালো তালিকাভূক্ত সমিতিগুলো নতুনভাবে আবেদন করতে পারবে না। | **উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>২৪৭৬৪৮০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৪৪৭৭২৮৪/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরন</td><td>২০৫৮০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>৯৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন</td><td>১৫৯৮৫১৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯৪৬৬ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>১৫০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৪১৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>৩৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৭০৬ জন</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.৩৬</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>৪,০৫ ,০০০</td><td>৫১.৩৩</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৪৮</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>৪,০৫ ,০০০</td><td>১৯৭.৩৯</td><td>২০২.৬৩</td><td>৯১%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা পরিষদ চত্তর হতে নার্সারী সরিয়ে নিজস্ব জায়গায় নেওয়ার কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | **পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ** | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, তীব্র তাপদাহে সেচ মৌসুম এবং চাহিদা অনুযায়ী বিশ্ব জ্বালানী সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় মাঝে মাঝে লোড শেডিং হচ্ছে। এ বিষয়ে সকলকে আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান। পীরগঞ্জ-২ উপকেন্দ্রের ৩৩ কেভি লাইন সঞ্চালন অর্থাৎ চালু করণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | **ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।** |
| ২৪ | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়** | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় সভায় জানান যে, দেশব্যাপী ৩৬,০২০ জন শিক্ষকের জন্য "আইসিটি ইন এডুকেশনলিটারেসি" প্রশিক্ষণ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। পীরগঞ্জ উপজেলার ১৫ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের ৬০ জন শিক্ষক এতে অংশ গ্রহণ করবেন। প্রতি ব্যাচে ২০ জন প্রশিক্ষণার্থী নিয়ে মোট ৩ টি ব্যাচে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। এর প্রেক্ষিতে তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করে প্রশিক্ষণের ভ্যেনু নির্ধারণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের বিষয়ে অনুরোধ জানান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সহকারী প্রোগ্রামার, পীরগঞ্জ।** |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত ইউজিডিপি প্রকলেপ ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থায়নের পীরগঞ্জ উপজেলার অবকাঠামো উন্নয়ন প্রকল্প চূড়ান্ত বাছাই ও অগ্রাধিকারকরণের মাধ্যমে ৩ টি প্রকল্প প্রস্তাবনা তৈরী করা হয়েছে। ইউজিডিপির নির্দেশনা ও সিডিউল মোতাবেক জুন-আগষ্ঠ ২০২৩ খ্রিঃ মাসের মধ্যে পিএমইউ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের প্রয়োজন । অত:পর উপজেলা প্রকৌশলী সকলের মতামত ও অনুমোদনের জন্য সভায় নিম্নোক্ত ৩ টি প্যাকেজ প্রস্তাবনা উপস্থাপন করেন :<br>১. দস্তমপুর বালিকা উচ্চ বিদ্যালয় এবং এস.এন.আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে মহিলা শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ওয়াশব্লক নির্মাণ।<br>২. খনগাঁও ইউনিয়ন ও পীরগঞ্জ ইউনিয়নের পাকা রাস্তার পাশে স্ট্রিটলাইট সোলার প্যানেল স্থাপন উপপ্রকল্প ।<br>৩. পীরগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ বিষয়ক উপ-প্রকল্প। | ইউজিডিপি প্রকলেপ ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থায়নের পীরগঞ্জ উপজেলার জন্য চূড়ান্তভাবে গৃহিত উপরোক্ত ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প সকলের মতামতের ভিত্তিতে সভায় অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলীকে অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা সংক্রান্ত প্রয়োজনীয় ডকুমেন্টস জরুরী ভিত্তিতে ইউজিডিপি ঢাকা অফিসে প্রেরণ করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান অনুরোধ করেন। অনুমোদিত ৩ টি প্রকল্প প্যাকেজের বিস্তারিত বাজেট বিভাজন **'পরিশিষ্ট- ঘ'**- তে দেখানো হলো। | **১) উপজেলা পরিষদ, ২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন পীরগঞ্জ ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা কর্মকর্তা'র প্রতিনিধি জানান যে, মোট ৭০০ জন সেবা গ্রহীতার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্যের উপস্থিতিতে ১০০ জন সেবা গ্রহীতাকে নিয়ে ০১ টি বিশেষ উঠান বৈঠকসহ মোট ০৩ টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২৮ | **উপজেলা পরিষদ স্কাউট ভবন** | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদ চত্বরে ০.০৬ একর জমির উপর স্কাউট ভবন তৈরীর বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এ লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরের দক্ষিণ-পূর্ব পার্শ্বে (উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের দক্ষিণ দিকে) জায়গা নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় অনুমতি প্রাপ্তির জন্য পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চত্বরের দক্ষিণ-পূর্ব পার্শ্বে ০.০৬ একর জমির উপর স্কাউট ভবন তৈরী করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয় এবং স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | **১) উপজেলা পরিষদ,**<br>**২) উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ।** |
| ২৯ | **উপজেলা পরিষদ চত্তরে গাছসমূহ কর্তণ** | উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত অফিসার্স ক্লাবের সামনে ০১ (এক) টি ব্যাডমিন্টন কোর্ট নির্মাণ ও পূর্বাশা আবাসিক ভবনের সামনে ০১ (এক) টি মিনি ফুটবল মাঠ/খেলার মাঠ স্থাপনের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। এছাড়া আলোচ্য দুটি স্থানে কিছু জীবিত ফলজ ও বনজ গাছ রয়েছে, যা অপসারণের উদ্যোগ নেওয়ার জন্য সভায় আহবান জানানো হয়। এ প্রেক্ষিতে বিট বন কর্মকর্তা, বন বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা পরিষদ চত্তরে ০১ (এক) টি ব্যাডমিন্টন কোর্ট নির্মাণ ও ০১ (এক) টি মিনি ফুটবল মাঠ/খেলার মাঠ তৈরী করার নিমিত্তে প্রয়োজনীয় গাছসমূহ কর্তণ বিষয়ে বিট বন কর্মকর্তা শীঘ্রই কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। | **১) উপজেলা পরিষদ,**<br>**২) বিট বন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ৩০ | **উপজেলা পরিষদ চত্তরে পানি নিষ্কাশনের জন্য ভূ-গর্ভস্থ লাইন নির্মাণ বিষয়ক** | উপজেলা পরিষদ চত্তরে জমে থাকা বৃষ্টির পানি একটি নির্দিষ্ট নালার মাধ্যমে চত্তরে অবস্থিত পুকুরে পরিবহন করে নেওয়ার জন্য ভূ-গর্ভস্থ পানি নিষ্কাশন লাইন নির্মাণের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। এ লক্ষ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের পাশে অবস্থিত পানির পাম্প হাউস থেকে অফিসার্স ক্লাব পর্যন্ত ভূ-গর্ভস্থ লাইন নির্মাণ ও তা একটি নির্দিষ্ট দিক দিয়ে পুকুরে নামানোর লক্ষ্যে প্রয়োজনীয় স্থাপনা নির্মাণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চত্তরের পুকুরে যেন সারা বছরই পানি থাকে, সে বিষয়ে ভূ-গর্ভস্থ পানি নিষ্কাশন লাইন নির্মাণের প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা পরিষদ, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, পবিত্র ঈদ উল আযহা'র আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, পবিত্র ঈদ উল আযহা'র আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, পবিত্র ঈদ উল আযহা'র আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আখতারুল ইসলাম)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

## পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৫৭(৫০)

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ / ২০ জুন ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.........................................................।

০২।০৭।২৩

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস জুন ২০২৩

'পরিশিষ্ট-গ'

তারিখ ঃ ২০-৬-২০২৩ খ্রি:

# উপজেলা মাসিক সভার জুন ২০২৩ খ্রিঃ মাসের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ ঃ

মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহে সংযোগ সড়ক এর রোড ইনভেন্টরী তালিকা নিম্নরূপ ঃ

**District: Thakurgaon**

**Road Type: B**

| Name of Upazila | SL No | As per defination | | As per Starting and Ending Point | Proposed Length (km) (From DC office resulation) | As per Field Measurement Corrected Road Length (km) | Proposed Ownership |
|---|---|---|---|---|---|---|---|
| | | Road ID | Road Clasification | Road Name | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| Pirganj | 1 | 194825299 | Type-B | (0107) Pirganj-Thakurgaon RHD to Ghoradhap-1 Asroyon Connecting Road | 0.500 | 0.500 | LGED |
| | 2 | 194825300 | Type-B | (0107) Pirganj-Thakurgaon RHD to Ghoradhap-2 Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 3 | 194825301 | Type-B | (0103) Vhomradah Up- Banglagarah hat Raod to Khamar Senua Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 4 | 194825302 | Type-B | (0305)Bonbari RHD - Ilarhat Road to Bonbari Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 5 | 194825303 | Type-B | (0501) Pirganj-Birganj RHD - Shalbagan (Shineboard) to Vhobanipur-1 Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| | 6 | 194825304 | Type-B | (0501) Pirganj-Birganj RHD - Shalbagan (Shineboard) to Vhobanipur-2 Asroyon Connecting Road | 0.750 | 0.750 | LGED |
| | 7 | 194825305 | Type-B | (0501)Pirganj - Birganj RHD to Vhanga Madrashah Asroyon Connecting Road | 0.250 | 0.250 | LGED |
| | 8 | 194825306 | Type-B | (0605) Pirganj-Katiharhat pucca road to Notunbazar asroyon Road | 0.100 | 0.100 | LGED |
| | 9 | 194825307 | Type-B | (0601) Gonirhat-Katiharhat pucca road to Gorgaon Asroyon connecting Road | 0.500 | 0.500 | LGED |
| | 10 | 194825308 | Type-B | (0608) Vimtia Pacca Raod (Anowar Mohrir Ambagan) to Middle Birholi Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| | 11 | 194825309 | Type-B | (0606) Pirgang- Birganj RHD (Mashaldangi Bridge) to Mashaldangi Asroyon Connecting Road | 0.750 | 0.750 | LGED |
| | 12 | 194825310 | Type-B | (0606) Pirganj - Thakurgaon RHD to Darabgaji Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 13 | 194825311 | Type-B | (0606) Munsipara Pacca Road to Paria Asroyon Connecting Road | 0.250 | 0.250 | LGED |
| | 14 | 194825312 | Type-B | (0706) Gogor RHD - Maherpur GC pucca Road to Potuapara Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 15 | 194825313 | Type-B | (0705) Hazipur UP-Birasirhat Road to Katapukur Asroyon Connecting Road | 0.800 | 0.800 | LGED |
| | 16 | 194825314 | Type-B | (0703) Hajipur Up -Birashirhat Road to Akannapur Asroyon Conneting Road | 1.000 | 1.000 | LGED |
| | 17 | 194825315 | Type-B | (0803) Pirganj-Nasibganj GC (Brac Office) to Sindulla Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 18 | 194825316 | Type-B | (0802) Pirganj-Nasibganj GC to Konpara Tungipara Asroyon Connecting Road | 1.000 | 1.000 | LGED |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | 19 | 194825317 | Type-B | (0808) Bishnupur - Jaborhat Pacca Road to Balubari Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| | 20 | 194825318 | Type-B | ( 0804) Pirganj Chowrasta -Bochaganj Road to Saguni Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 21 | 194825319 | Type-B | (0903) Pirganj-Nasibganj GC to Vumi office Pukurpar Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| | 22 | 194825320 | Type-B | (0909) Godagari Ronsia Club Hat (Danajpur) pucca road to Hotath Para Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| | 23 | 194825321 | Type-B | (0909) Godagari Ronsia Club Hat (Danajpur) pucca road to Dostompur pukurpar Kherbari Asroyon Connecting Road | 1.000 | 1.000 | LGED |
| | 24 | 194825322 | Type-B | (0908) Gogor RHD-Maherpur GC pucca road to danajpur Molanpukur Asroyon Connecting Road | 0.600 | 0.600 | LGED |
| | 25 | 194825323 | Type-B | (0908) Bisnopur-Jaborhat pucca road (Balubari) to Modhuhari Pukurpar Road Asroyon Connecting Road | 1.200 | 1.200 | LGED |
| | 26 | 194825324 | Type-B | (0903) Pirganj-Nasibganj GC pucca Road to Godagari Asroyon Connecting Road | 1.500 | 1.500 | LGED |
| | 27 | 194825325 | Type-B | Pirganj Nasibgangj Pacca Road to Basondi Asroyon Connecting Road | 0.500 | 0.500 | LGED |
| | 28 | 194825326 | Type-B | (0906) Sengaon Up - Jaborhat Pacca Road to Nasibganj Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 29 | 194825327 | Type-B | (1007) Gogor RHD-Maherpur GC pucca road to Chondoria Amirpara Asroyon Connecting Road | 0.700 | 0.700 | LGED |
| | 30 | 194825328 | Type-B | (1005) Jaborhat UP - Ronsia pucca road to Kolijug Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 31 | 194825329 | Type-B | (1007) Gogor RHD-Maherpur GC pucca road Chondoria hat to Chondoria degree college Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 32 | 194825330 | Type-B | (1006) Kornaihat-Chondoria pucca Road to Khekidangi Asroyon Connecting Road | 0.800 | 0.800 | LGED |
| | 33 | 194825331 | Type-B | (1004) Gogar RHD - Maherpur GC Pacca Road to Briddhigaon Asroyon Connecting Road | 0.300 | 0.300 | LGED |
| | 34 | 194825332 | Type-B | (1005) Kornaihat - Chondaria Pacca Road to Khalpara Asroyon Connecting Road | 0.500 | 0.500 | LGED |
| | 35 | 194825333 | Type-B | (1103) Gogor RHD-Maherpur GC pucca road to Azlabad Connecting Road Asroyon Connecting Road | 0.450 | 0.450 | LGED |
| | 36 | 194825334 | Type-B | (1102) Gogor RHD-Maherpur GC pucca road to Bastoli Asroyon Connecting Road | 0.600 | 0.600 | LGED |
| | 37 | 194825335 | Type-B | (1107) Kornaihat-Chondoria pucca Road to Sukandighi , Noyapara Asroyon Connecting Road | 0.700 | 0.700 | LGED |
| | 38 | 194825336 | Type-B | (0607) Pirganj-Birganj RHD to Guwagaon Asroyon Connecting Road | 0.600 | 0.600 | LGED |
| | 39 | 194825337 | Type-B | (0609) Pirganj-Thakurgaon RHD ( Velatoir) Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 40 | 194825338 | Type-B | (0608) Pirganj Thakurgaon RHD Kalirhat to Jamtoli Asroyon Connecting Road | 0.400 | 0.400 | LGED |
| | 41 | 194825339 | Type-B | (0102) Jongaonhat to Jongaon Asroyon Connecting Road | 1.050 | 1.050 | LGED |
| | 42 | 194825340 | Type-B | (0707) Satia to Bohora Asroyon Connecting Road | 0.200 | 0.200 | LGED |
| **Total Length (km)** | | | | | | **20.650** | |

'পরিশিষ্ট-ঘ'

পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

## উপজেলা মাসিক সভার জুন ২০২৩ খ্রিঃ মাসের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ ঃ

| ক্রঃ নং | অবকাঠামো উপ-প্রকল্পের নাম | উপ-প্রকল্প নম্বর | মোট বাজেট (ভ্যাট, ট্যাক্স ব্যতীত) | আইটি | ভ্যাট | মোট বাজেট (ভ্যাট, ট্যাক্সসহ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | দস্তমপুর বালিকা উচ্চ বিদ্যালয় এবং এস,এন, আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে মহিলা শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ওয়াশব্লক নির্মাণ | INF-২০২১-২০২২-৫৫৯৪৮২-০১ | ১৪০৩৭৬৩.০০ | ৪৭০৫৪.০০ | ১১৭৬৩৪.০০ | ১৫৬৮৪৫১.০০ |
| ২ | খনগাঁও ইউনিয়ন ও পীরগঞ্জ ইউনিয়নে স্ট্রিটলাইট সোলার প্যানেল স্থাপন উপ-প্রকল্প | INF২০২১-২০২২-৫৫৯৪৮২-০২ | ১৫৩০৪৫০.০০ | ৫১৩০০.০০ | ১২৮২৫০.০০ | ১৭১০০০০.০০ |
| ৩ | পীরগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ সরবরাহ বিষয়ক উপ-প্রকল্প | INF২০২১-২০২২-৫৫৯৪৮২-০৩ | ২০৬৫৭৮৭.০০ | ৭৫৫৭৮.০০ | ৩৭৭৮৮৮.০০ | ২৫১৯২৫৩.০০ |
| মোটঃ সাতান্ন লক্ষ সাতানব্বই হাজার সাতশত চার টাকা মাত্র | | | ৫০০০০০০.০০ | ১৭৩৯৩২.০০ | ৬২৩৭৭২.০০ | ৫৭৯৭৭০৪.০০ |